দারিয়াপুরে কবুতর উড়িয়ে ও নিষিদ্ধ পটকা ফুটিয়ে টুর্নামেন্টের উদ্বোধন (ভিডিও সহ)

শান্তির প্রতীক কবুতর উড়িয়ে ও নিষিদ্ধ পটকা (চকলেট বোমা) ফুটিয়ে মুজিবনগর দারিয়াপুরে মরহুম হাবিবুর রহমান, আফতাব উদ্দীন, হযরত আলী ও বজলুর রহমান স্মৃতি ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন করা হয়েছে।

গতকাল রবিবার বিকালে দারিয়াপুর খেলার মাঠে অনুষ্ঠিত উদ্বোধনী খেলায় মেহেরপুর জেলা আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক অ্যাডভোকেট ইব্রাহীম শাহীন প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে শান্তির প্রতীক কবুতর উড়িয়ে খেলার উদ্বোধন করেন।

এ সময় তার উপস্থিতিতে ফিল্ডের মাঝখানে নিষিদ্ধ পটকা (চকলেট বোমা) ফুটায় টুর্নামেন্টের স্বেচ্ছাসেবক সদস্যরা।

এ সময় মুজিবনগর উপজেলা যুবলীগের সভাপতি কামরুল হাসান চান্দুর সভাপতিত্বে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও মহাজনপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আমাম হোসেন মিলু, দারিয়াপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান তৌফিকুল বারী বকুল, দারিয়াপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মোস্তাকিম হক খোকন।

এদিকে উদ্বোধনী খেলায় রাজাপুর একাদশ ও আলমডাঙ্গা একাদশ অংশগ্রহন করেন। খেলায় রাজাপুর একাদশ ১-০ গোলে আলমডাঙ্গা একাদশকে পরাজিত করে জয়লাভ করে।

ভাষা আন্দোলনের ‘আঁতুড় ঘরের’ সাক্ষী ডা. মির্জা মাজহারুল আর নেই

ভাষাসৈনিক অধ্যাপক ডা. মির্জা মাজহারুল ইসলাম আর নেই (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। রবিবার সকাল সোয়া ৯টায় রাজধানীর বারডেম হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান তিনি। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৯৩ বছর ৯ মাস ১০ দিন।

তার মৃত্যুর খবর নিশ্চিত করেছে হাসপাতাল সূত্র। বার্ধক্যজনিত নানান রোগে ভুগছিলেন তিনি। গত ৩০ সেপ্টেম্বর প্রবীণ এই চিকিৎসক ও ভাষা সংগ্রামী বারডেমের আইসিইউতে ভর্তি হন। মৃত্যুর আগ পর্যন্ত তিনি বারডেম হাসপাতালের সার্জারী বিভাগের অনারারি চিফ কনসালটেন্ট ছিলেন।

ভাষা আন্দোলনে অবদানের জন্য ২০১৮ সালে একুশে পদক পান মির্জা মাজহারুল ইসলাম। ১৯২৭ সালের ১ জানুয়ারি তার জন্ম।
মির্জা মাজহারুল ইসলাম ১৯৪৭ সালে ভাষা আন্দোলনের জড়িত হন এর সূচনাপর্ব থেকেই। তিনি এ আন্দোলনের প্রথম দুটি সংগ্রাম পরিষদের সদস্য ছিলেন এবং প্রথম শহীদ মিনারের পরিকল্পনা ও নির্মানে তার বিশেষ অবদান রয়েছে।

ঢাকা মেডিকেল কলেজে ভাষা আন্দোলন সংগঠিত করেন তিনি। ভাষা আন্দোলনের প্রায় প্রতিটি ঘটনায় মেডিকেল কলেজের প্রতিনিধি হিসেবে তিনি সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন। ঢাকা মেডিকেল কলেজে প্রথম রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ গঠিত হয় ১৯৪৭ সালের ৩০ সেপ্টেম্বর। এই কমিটিতে তিনি প্রতিনিধি হিসেবে অন্তর্ভুক্ত হন। ১৯৪৮ সালে এ পরিষদ সম্প্রসারিত হয়। নিজেকে ভাষা আন্দোলনের ‘আঁতুড় ঘরের’ সাক্ষী বলে দাবি করেন এ ভাষাসৈনিক।

১৯৫২-এর একুশে ফেব্রুয়ারি ছাত্রদের ওপর পুলিশের পামলার পর তিনি হাসপাতালে কর্মরত অবস্থায় অসংখ্য আহত ভাষাকর্মীর অপারেশন করেন। ২১ ফেব্রুয়ারি যোগ দেন আমতলার জনসভায়। গায়েবি জানাজায় অংশগ্রহণ করেন ২২ ফেব্রুয়ারি।

মাজহারুল ইসলামের দাদা মির্জা মাহতাব উদ্দিন বেগ ব্রিটিশ সরকারের

নমিনেটেড ডেপুটি পুলিশ সুপারিন্টেডেন্ট এবং বাবা মির্জা হেলাল উদ্দিন ‘ডেভিড অ্যান্ড কোম্পানি’ ও ‘ল্যান্ডেল অ্যান্ড ক্লার্ক’ নামক দুটি বাণিজ্যিক প্রতিষ্ঠানে কর্মকতা ছিলেন। তৎকালীন পূর্ব বাংলার অর্থমন্ত্রী মির্জা নূরুল হুদা ছিলেন তার মামা।

সূত্র- বিডি প্রতিদিন

আমদহ ইউনিয়ন তাঁতীলীগের কমিটির গঠন ও আলোচনা সভা

মেহেরপুর সদর উপজেলা আমদহ ইউনিয়ন তাঁতীলীগের কমিটির গঠন ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

শনিবার বিকালে আশরাফপুর স্কুল মাঠে ইউনিয়ন তাঁতী লীগের কমিটি গঠন ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জেলা তাঁতীলীগের আহ্বায়ক নুর ইসলাম সুবাদের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আমদহ ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক অ্যাড. কাজী শহীদুল হক। অনুষ্ঠানে প্রধান বক্তা ছিলেন জেলা তাঁতী লীগের সদস্য সচিব জুয়েল রানা।

বিশেষ অতিথি ছিলেন আমদাহ ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি রওশন আলী টোকন, জেলা তাঁতী লীগের সদস্য আতাউর রহমান, সদর উপজেলা তাঁতীলীগের আহ্বায়ক মাহফুজুর রহমান, গাংনী তাঁতীলীগের আহ্বায়ক মনিরুল ইসলাম, মুজিবনগর উপজেলা তাঁতীলীগের আহ্বায়ক পবীর শেখ প্রমূখ।

অনুষ্ঠানের সঞ্চালনায় ছিলেন সদর উপজেলা তাঁতীলীগের যুগ্ম আহ্বায়ক এস এম রাসেল।

অনুষ্ঠানের প্রথম অধিবেশন শেষে আমদাহ ইউনিয়ন তাঁতী লীগের কমিটি ঘোষণা করা হয়। কমিটির সদস্যরা হলেন আহবায়ক মনিরুল ইসলাম, যুগ্ম আহ্বায়ক খোকন আলী, জুয়াত আলী, মনিরুল ইসলাম, মকলেছ মিয়া ও সদস্য সচিব তুহিন শেখ সহ ৫১ সদস্য বিশিষ্ট কমিটি ঘোষণা করা হয়।

মহাজনপুর ইউনিয়ন আওয়ামী লীগের নির্বাচনী আলোচনা সভা ও কর্মীসভা

মেহেরপুরের মুজিবনগর উপজেলার মহাজনপুর ইউনিয়ন আওয়ামী লীগের উদ্যোগে নির্বাচনী আলোচনা সভা ও কর্মীসভা অনুষ্ঠিত হয়েছে।

শনিবার বিকেলে কোমরপুর বাজারে ইউনিয়ন আওযামী লীগের অফিসে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় সভাপতিত্ব করেন মহাজনপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি রেজাউর রহমান নান্নু।

বক্তব্য রাখেন মহাজনপুর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আব্দুর রশিদ বল্টু, ০৩ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি জাহান আলী, ৪ নম্বর আওয়ামীলীগের সভাপতি শহীদুল ইসলাম, ৫ নম্বর ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি সিরাজুল ইসলাম মাস্টার, সাধারণ সম্পাদক মিন্টু, ৮ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি সিরাজুল ইসলাম মোল্লা, সাধারণ সম্পাদক কাবিদুল ইসলাম, আমঝুপি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আহম্মদ আলী, ইউনিয়ন কৃষকলীগের সভাপতি শাহ জামাল, সাধারণ সম্পাদক সোহানুর রহমান বাবু।

এসময় ওয়ার্ড ইউনিয়ন ও ওয়ার্ড আওয়ামী লীগের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

কোটচাঁদপুরে শারদীয় দূর্গাপূজা উপলক্ষে মতবিনিময়

সভা

সুুষ্ট ও শান্তিপূর্ণ পরিবেশে আসন্ন শারদীয় দূর্গাপূজা উদ্যাপন উপলক্ষে ঝিনাইদহের কোটচাঁদপুরে উপজেলা পূজা উদ্যাপন পরিষদের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার বেলা ১১ টার দিকে মডেল থানার আয়োজনে থানা মিলনায়তনে এই মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

থানার অফিসার ইনচার্জ (ওসি) মাহবুবুল আলমের সভাপতিত্বে মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন, ওসি (তদন্ত) ইমরান আলম, পৌর ফাঁড়ী ইনচার্জ ইন্সপেক্টর আক্তারুজ্জামান লিটন, কুশনা ইউপি চেয়ারম্যান আব্দুল হান্নান, বলুহর ইউপি চেয়ারম্যান আব্দুল মতিন, উপজেলা পূজা উদযাপন পরিষদের সাধারণ সম্পাদক রবিন্দ্রনাথ রায়, পৌর পূজা উদ্যাপন পরিষদের সভাপতি শ্রী মহাদেব ঘোষ, সাধারণ সম্পাদক দিবস সিংহ, হিন্দু বৌদ্ধ খ্রিষ্ঠান ঐক্য পরিষদের আহ্বায়ক দেবদাস ভট্রাচার্জ, থানার সেকেন্ড অফিসার এসআই আব্দুল মান্নান, এসআই ওয়াহেদ।

এছাড়াও কুশনা ইউনিয়ন আ.লীগের সভাপতি আবুল হোসেন, দোড়া ইউনিয়ন পূজা উদ্যাপন পরিষদের সভাপতি তারাপদো দাস সহ উপজেলা ও পৌর পূজা উদ্যাপন পরিষদের নেতৃবৃন্দ।

সভায় করোনাকালীন সময়ে দূর্গাপূজা উদযাপনে সরকারি নির্দেশনা মেনে চলতে আগতদের দিক নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া মন্ডবে আসতে নারী-পুরুষ সকলকেই মুখে মাক্স ও পূজা মন্ডবে হাত ধোয়ার ব্যাবস্থা রাখতে নির্দেশনা দেওয়া হয়।

ওসি জানান, আসন্ন শারদীয় দূর্গাপূজায় কোটচাঁদপুর উপজেলায় মোট ৪৫টি পূজা মন্ডবে দূর্গাপূজা উদযাপিত হবে। যার নিরাপত্তায় পুলিশ, আনসার বাহিনী ছাড়াও সেচ্ছাসেবক বাহিনী নিয়োজিত থাকবে।

[redacted]

[redacted]

[redacted]

[

সাবেক ইউপি সদস্য বাবুল জানান, একরামুলের কাছে থেকে ২৬ লক্ষ টাকা নিয়ে সার না দিয়ে যে প্রতারণা করেছে নুরুজ্জামান ।

মৃত আক্তাব উদ্দীনের ছেলে আমিরুল জানান, সার ব্যবসায়ী একরামুল হক একজন সহজ সরল মানুষ তাকে সার দেবো বলে ২৬ লক্ষ টাকা নিয়ে যে প্রতারণা করেছে নুরুজ্জামান এটা কোন সভ্য মানুষের কাজ হতে পারে না।

মামলার বাদী একরামুল হক জানান, প্রতারক নুরুজ্জামান আমাকে প্রতারণা করে অর্থনৈতিক ভাবে সর্ব শান্ত করে দিয়েছে। আমি বিজ্ঞ আদালতের কাছে আবেদন করিতেছি যাহাতে আমি ন্যায় বিচার পায় সে দিকে সু-দৃষ্টি দিবেন।

জীবননগরে ধর্ষণের শিকার কিশোরীর জোরপূর্বক গর্ভপাত

জীবননগরে এক কিশোরীকে জোর পূর্বক ধর্ষণের পর ৬ মাসের গর্ভবতী হয়ে পড়ে। কিশোরীর মামাতো ভাই আলামিন কর্তৃক এ ধর্ষণের অভিযোগ তোলেন স্থানীয়রা। কিশোরীর স্বাজনরা জোর করে গ্রাম্য ডাক্তারের কাছে নিয়ে ওষুধ খাইয়ে গর্ভপাত ঘটায়। শনিবার দুপুরে পুলিশ ভূমিষ্ঠ হওয়া মৃত ছেলে নবজাতকটি কে উদ্ধার করে ময়না তদন্তের জন্য চুয়াডাঙ্গা সদর হাসপাতাল মর্গে প্রেরণ করা হয়েছে।

জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়ানের গোয়ালপাড়া গ্রামের এক কিশোরী (১৭) বেশ কয়েক বছর ধরে কুষ্টিয়া সদর উপজেলার মিনাপাড়ার দিপুর বাড়িতে গৃহকর্মী হিসাবে কাজ করে। কিশোরীর বাবা মারা যাওয়ার পর মা ও তিন বোন মামার বাড়িতে থাকতো। গত রোজার ঈদে কিশোরী ঈদে বেড়াতে আসে মায়ের কাছে।

এ সময় মামাতো ভাই আলামিন ঈদের পরের দিন রাতে জোর পূর্বক তাকে বাড়ির পাশে একটি বাগানে তুলে নিয়ে যায়। সেখানে ইচ্ছার বিরুদ্ধে

ধর্ষণ করে কিশোরীকে। কয়েক দিন রাতে কিশোরীকে ঘরে একা পেয়ে আলামিন ধর্ষণ করে বলে অভিযোগ করে স্থানীয়রা।

কিশোরী কুষ্টিয়ায় অসুস্থ্য হয়ে পড়লে তার মা বৃহস্পতিবার সন্ধায় গ্রামে নিয়ে আসেন। পরে গ্রাম্য ডাক্তার সামসুল হুদার কাছে নিলে গর্ভপাতের জন্য ওষুধ খাইয়ে দেয়। শুক্রবার রাতে কিশোরী বাড়িতে গর্ভপাত হলে স্থানীয়রা বিষয়টি জানতে পারে। ভূমিষ্ঠ হওয়া মৃত নবজাতকটি কে পরিবারের সদস্যরা সরিয়ে ফেলতে চাইলে স্থানীদের বাধার মুখে পড়ে। কিশোরীর মা, মামা-মামী গ্রামে প্রচার করতে থাকে কুষ্টিয়া থেকে এ ঘটনা ঘটেছে।

এ ঘটনার পর থেকে অভিযুক্ত আলামিন গা ঢাকা দেয়। স্থানীয়রা বলছেন, ঘটনার সাথে জড়িতেদের দৃষ্টান্ত মূলক শাস্তি হোক।

৪নং সীমান্ত ইউপি চেয়ারম্যান মঈন উদ্দিন ময়েন বলেন, গোয়ালপাড়া গ্রামে কুমারী মেয়ের পেটে বাচ্ছার বিষয়টি আমি শুনে ঘটনা স্থানে যায়। সেখানে যেয়ে দেখি বাচ্ছাটি মারা গেছে। আমি বিষয়টি জীবননগর থানা পুলিশকে বললে ঘটনা স্থানে পুলিশ ছুটে আসে। তবে এ ঘটনার সাথে যেই জড়িত থাকুক না কেন আমি তার শাস্তি চাই।

জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম বলেন, গোয়ালপাড়া গ্রামে কুমারী মেয়ের বাচ্ছা জন্ম দেওয়া এবং তাকে হত্যার বিষয়টি শুনেছি। এ ঘটনায় পুলিশ ঘটনা স্থানে যেয়ে বাচ্ছাটির মৃতদেহ উদ্ধার করে ময়না তদন্তের জন্য চুয়াডাঙ্গা মর্গে পাঠানো হয়েছে।

হরিণাকুন্ডুতে নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে সচেতনতামুলক সভা

“বিট পুলিশ বাড়ি বাড়ি, নিরাপদ সমাজ গড়ি” এ শ্লোগান নিয়ে ঝিনাইদহের হরিণাকুন্ডু উপজেলার তাহেরহুদা ইউনিয়নের ভবানীপুর

বাজারে নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে সচেতনতা মূলক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার বিকালে হরিণাকুন্ডু থানার অফিসার ইনচার্জ (ওসি) মোঃ আব্দুর রহিম মোল্লার সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, সহকারী পুলিশ সুপার শৈলকুপা সার্কেল মোঃ আরিফুল ইসলাম।

পারিবারিক সহিংসতা, বাল্যবিবাহ, ইভটিজিং, ধর্ষণ, আত্মহত্যা, নারী ও শিশু নির্যাতনকে না বলি।

সভায় স্থানীয় ইউপি চেয়ারম্যান মঞ্জুরুল আলম, বাজার কমিটির সভাপতি সারু মিয়া, সাধারণ সম্পাদক ইমরান হোসেন পপ্পু, ইউপি সদস্য আলমগীর হোসেনসহ প্রমুখ বক্তব্য রাখেন।

এসময় সাংবাদিক, সুশীল সমাজের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

কালীগঞ্জে নবগঠিত ছাত্রদলের নেতৃবৃন্দের তাতী দলের শুভেছা

ঝিনাইদহের কালীগঞ্জে বাংলাদেশ জাতীয়বাদী ছাত্রদল কালীগঞ্জ উপজেলা, পৌর ও কলেজ শাখার নবগঠিত আহবায়ক কমিটির নেতৃবৃন্দের তাতীদলের পক্ষ থেকে ফুলল শুভছা জানানা হয়েছে।

গত শুক্রবার সকাল শহরের দলীয় কার্যালয় জাতীয়তা বাদী স্বেছাসবক দলর পক্ষ থক নবগঠিত কমিটির নেতৃবৃন্দের ফুলল শুভেছা জানানো হয়েছে। নবগঠিত কমিটির উপজলা শাখার আহবায়ক মারুফ বিল্লাহ, সদস্য সচিব মসুম উদ্দিন শোভন, পর শাখার আহবায়ক জুয়েল রানা, সদস্য সচিব তরিকুল ইসলাম, মাহতাব উদ্দিন কলেজ শাখার সাজিদ হাসান জনি, সদস্য সচিব কামরুল ইসলামসহ উপজেলা ছাত্রদলর যুগ্ম আহবায়ক আসাদুল ইসলাম, আলাউদ্দিন, শাহাদৎ হোসন রিওন, তারেকুর রহমান টিপু, মেহেদী হাসান হিরণ, পৌর শাখার যুগ্ম আহবায়ক ইসরাফিল হোসেন জুয়ল, মুশফিকুর রহমান তানভীর, হাসানুজ্জামান ইভন, আশরাফুল ইসলাম নিরব, সাকিবুল

হাসান, শিপন আহমদ।

কলেজ ছাত্রদলের যুগ্ম আহবায়ক আল আমিন, হারুন উর রশিদ রাজা, ইফতি জাহান, দিপু পারভজ, খালেদ সাইফুল্লাহ শাওন, উপজলা ছাত্রদলের সদস্য মনিরুজ্জামান মুনা, সাব্বির হাসান, গাজী তরিকুল, জুয়ল মিয়া, রাজিবুল ইসলাম রাজিব, পৌর ছাত্রদলের সদস্য মাসুম মন্ডল, তারিক মাহমুদ, সাকিবুল হাসান, মাহফুজ পারভেজ সহ বিপুল সংখ্যক নেতাকর্মীকে ফুলেল শুভেছা জানানো হয়।

এ সময় উপস্থিত ছিলেন কালীগঞ্জ উপজলা স্বেছাসবক দলের সভাপতি তোফাজ্জল হোসেন তপন, স্বেছাসেবক দলের নেতা বুলবুল আহমদ, সোহল রানা, জাহাঙ্গীর আলম, আলমগীর হোসেন, শহীদুল ইসলাম হিরু, দেলায়ার হোসেন,এ স এম মাসুম পারভেজ, তরিকুল ইসলাম, হাসানুজ্জামান লিসান, এরশাদ হাসন সানা, সরোয়ার হোসেন, সাহেব আলী, সোহাগ হাসন, শাহ আলম, শহিদুল ইসলাম প্রমুখ।

কালীগঞ্জ পৌরসভার উপনির্বাচনে কাউন্সিলর হলেন মনিরুজ্জামান রিংকু

ঝিনাইদহের কালীগঞ্জ পৌরসভার ৫নং ওয়ার্ডের কাউন্সিলর পদে উপনির্বাচন এর ভোট গ্রহণ শান্তিপূর্ণ পরিবেশে অনুষ্ঠিত হয়েছে। এই উপনির্বাচনে ৪ জন প্রার্থী প্রতিদ্বন্দিতা করেছেন।

এই নির্বাচনে বোতল প্রতিকের মনিরুজ্জামান রিংকু ১৬৬৭ ভোট পেয়ে বেসরকারী ভাবে বিজয়ী হয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দি উটপাখি প্রতিকের মোঃ নাসিম উদ্দিন পেয়েছেন ১০২১ ভোট পেয়েছেন। এছাড়াও অন্য দুইজন প্রার্থী পাঞ্জাবী প্রতিকের আলমগীর হোসেন ৪২৬ ও ডালিম প্রতিকের মিজানুর রহমান পেয়েছেন ২০৭ ভোট। মনিরুজ্জামান রিংকু- ৬৪৬ ভোটে বিজয়ী হয়েছেন।

ভোটে একজন জুডিশিয়াল ম্যাজিট্রেড ও দুইজন নির্বাহী ম্যাজিট্রেড

সহ বিপুল সংখ্যক আনসার, পুলিশ ও জঅই সদস্য দায়িত্ব পালন করেন।

সকাল ৯ টা থেকে শুরু করে বিকাল ৫ টা পর্যন্ত একটানা ভোট গ্রহণ চলে।

ভোট গ্রহন শেষে সন্ধ্যা ৬ টার দিকে ভোট গননা করে মনিরুজ্জামান কে বেসরকারী ভাবে জয়ী ঘোষনা করা হয়।

উল্লেখ্য, গত বছরের ২২ সেপ্টেম্বর কালীগঞ্জ পৌরসভার মেয়র মকছেদ আলী বিশ্বাস মৃত্যুবরণ করলে ৫নং ওয়ার্ডের কাউন্সিলর আশরাফুল আলম মেয়র পদে নির্বাচিত হওয়ার পর পদটি শূন্য হয়।